# Translation from Bangla to English

## Practice Sheet-11 (based on note 1-10)

**1.** যাঁরা খবরের খোঁজ রাখেন, তাঁরা ইতিমধ্যে জেনে গেছেন যে নির্বাচন কমিশন গঠনের সার্চ কমিটি বা অনুসন্ধান কমিটি ঘোষণা দিয়েছে, তাঁরা যে ১০ ব্যক্তির নাম মহামান্য রাষ্ট্রপতির কাছে পাঠাবে, তা প্রকাশ করা হবে না।

**2.** কে বা কারা, অর্থাৎ কোন রাজনীতিক, পেশাজীবী সংগঠন অথবা ব্যক্তি এই ১০ ব্যক্তির নাম প্রস্তাব করেছিলেন, সেটাও আমরা জানতে পারব না।

**3.** যে মেয়ে রান্না করতে ভালোবাসে না, সে কিছুতেই ভালো প্রেমিকা হতে পারেনা।—সমরেশ মজুমদার

**4.** সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় **সরকার** সমাজের দুস্থ ও অসহায় মানুষকে যে **সহায়তা** দিচ্ছে, তা মোটামুটি সব মহলে প্রশংসিত।

**5.** **যে উত্তর কোরীয় নেতা কিম জং–উন** একের পর এক পারমাণবিক ক্ষেপণাস্ত্র পরীক্ষা করে উপদ্বীপে উত্তেজনা তৈরি করেছিলেন, গত শুক্রবার তিনিই দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জে–ইনের সঙ্গে বৈঠক করে বিশ্ববাসীকে চমকে দিয়েছেন।

**6.** গেল শতকের পঞ্চাশের দশকে সংঘটিত যুদ্ধের পর এই প্রথমউত্তর কোরীয় নেতার দক্ষিণ কোরিয়ার মাটিতে পা রাখা, সীমান্তে শান্তির চারা রোপণ ইত্যাদি আনুষ্ঠানিকতা ছাপিয়ে এই বৈঠককে শান্তির পথে সাহসী পদক্ষেপ হিসেবে অভিহিত করা যেতে পারে।

**7.** জাতিসংঘের মহাসচিবসহ বিশ্বনেতারা দুই কোরিয়ার এই শান্তি উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। আমরাও দুই কোরীয় নেতাকে অভিনন্দন জানাই।

**8.** আমাদের স্মৃতি-বিস্মৃতির অন্তরালে লুকিয়ে আছে বৈচিত্র্যময় সাংস্কৃতিক অঙ্গনের জাগরণ।

**9.** সামাজিক বিধি-নিষেধ আর ঘেরাটোপের রহস্য ছিন্ন করে প্রতিনিয়তই বেরিয়ে আসে সাংস্কৃতিক জগতের নব নব রূপ।

**10.** ঠিক তেমনি এদেশের সংস্কৃতিও ধারণ করে চলছে বিভিন্ন গোষ্ঠী এবং ভাষাভাষী মানুষের বৈচিত্র্যময় রূপ।

**11.** **এই বৈচিত্র্যময় সংস্কৃতিতে নিজ নিজ মনন ও প্রতিভা দিয়ে বিভিন্ন সময়ে গুণীজনরা সমৃদ্ধ করে।**

**12.** **যে শিশুরা** নিষ্পাপ, সামাজিক কোনো ক্লেদ যাদের কখনোই স্পর্শ করতে পারে না, নৃশংসতার শিকার হয়ে সেই শিশুদের যদি অকাতরে জীবন দিতে হয়, তার চেয়ে বেদনার আর কী হতে পারে?

**13.** একের পর এক শিশুহত্যা ও অপহরণের ঘটনা ঘটছে, অথচ কারও টনক নড়ছে না। সমাজ নির্বিকার। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিষ্ক্রিয়।

**14.** এসব ঘটনা সামাজিক অবক্ষয়ের বিষয়টি যেমন সামনে নিয়ে আসছে, তেমনি রাষ্ট্র ও সরকারের ব্যর্থতাও চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়।

**15.** অনেক সময় প্রভাবশালীদের চাপ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিষ্ক্রিয়তার কারণে অপরাধীরা পার পেয়ে যায়।

**16.** **এই অবস্থা** চলতে দেওয়া যায় না। শিশুহত্যা ও অপহরণের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে না পারলে পরিস্থিতি ভয়াবহ হতে বাধ্য।

**17.** সমাজকে রক্ষার স্বার্থে মানবতার শত্রু এই শিশু অপহরণকারী ও হত্যাকারীদের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তুলতে হবে।

**18.** প্রতিটি শিশুর ঘাতক ও অপহরণকারীকে বিচারের মুখোমুখি করতে হবে। আমাদের এমন অভয় পরিবেশ গড়ে তুলতে হবে, যেখানে প্রতিটি শিশু থাকবে নিরাপদ; প্রতিটি পরিবার হবে শান্তির নীড়।

**19.** **১৯৭১ সালের ১৬ ডিসেম্বর** দখলদার পাকিস্তানি বাহিনীকে পরাজিত করার মধ্য দিয়ে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের স্বপ্ন চূড়ান্তভাবে বাস্তবায়িত হয়।

**20.** পৃথিবীর অনেক দেশ বিনা রক্তপাতে ঔপনিবেশিক পরাধীনতা থেকে মুক্তি পেয়েছে।

**21.** কিন্তু আমাদের স্বাধীনতা এক সাগর রক্তের বিনিময়ে পাওয়া।

**22.** তাই প্রতিবছর স্বাধীনতা দিবস ও বিজয় দিবস উদ্যাপনের সময় আমাদের অগণিত শহীদের কথাই স্মরণে আসে সবকিছুর আগে।

**23.** মুক্তিযুদ্ধে আত্মত্যাগের অনুভূতিই আমাদের প্রগাঢ়তম অনুভূতি।

**24.** **সিলেটের** লাক্কাতুরা চা-বাগানে নতুন শিক্ষাপ্রতিষ্ঠান সিলেট সরকারি উচ্চবিদ্যালয়ে বাগানের শ্রমিকদের সন্তানদের জন্য বিশেষ কোটার দাবি যৌক্তিক; তা অবশ্যই পূরণ হওয়া উচিত।

**25.** শনিবার প্রথম আলোর খবরে বলা হয়েছে, ন্যাশনাল টি কোম্পানির অধীন লাক্কাতুরা চা-বাগানের দুই একর জমি অধিগ্রহণ করে ২০১৩ সালে সরকারি বিদ্যালয় স্থাপনের কাজ শুরু হয়। এরই মধ্যে বিদ্যালয়ের অবকাঠামোর নির্মাণকাজ শেষ হয়েছে।

# Translation from Bangla to English

## Sample Solution

**26.** **যাঁরা** খবরের খোঁজ রাখেন, **তাঁরা** ইতিমধ্যে জেনে গেছেন যে/ **নির্বাচন কমিশন গঠনের সার্চ কমিটি বা অনুসন্ধান কমিটি ঘোষণা দিয়েছে**, তাঁরা যে **১০ ব্যক্তির নাম** মহামান্য রাষ্ট্রপতির কাছে পাঠাবে, তা **প্রকাশ করা হবে না।**

**Those** who look into the news **have already known** that **the Search Committee** to form the Election Commision **has declared** that **the name of the 10 persons** they will send to his excellency the President **will not be disclosed**.

**27.** কে বা কারা, অর্থাৎ কোন রাজনীতিক, পেশাজীবী সংগঠন অথবা ব্যক্তি এই ১০ ব্যক্তির নাম প্রস্তাব করেছিলেন, সেটাও আমরা জানতে পারব না।

Even, **we will not be able to know** who or whoever that means which politician, professional organization or person **proposed** the name of these ten people**.**

**28.** যে মেয়ে রান্না করতে ভালোবাসে না, সে কিছুতেই ভালো প্রেমিকা হতে পারেনা।—সমরেশ মজুমদার

**The girl** who does not love cooking/to cook **never can be a good beloved/ lover.**

**29.** সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় **সরকার** সমাজের দুস্থ ও অসহায় মানুষকে যে **সহায়তা** দিচ্ছে, তা মোটামুটি সব মহলে প্রশংসিত।

**The assistance** that the government **is giving** the distressed and helpless people of the society under the social safety net program **is almost appreciated by all quarters.**

**Or,**

Under the social safety net program, the government **is giving** assistance to the distressed and helpless people

of the society **and** it is almost appreciated by all quarters.

**30.** **যে উত্তর কোরীয় নেতা কিম জং–উন** একের পর এক পারমাণবিক ক্ষেপণাস্ত্র পরীক্ষা করে উপদ্বীপে উত্তেজনা **তৈরি করেছিলেন**, গত শুক্রবার তিনিই দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জে–ইনের সঙ্গে বৈঠক করে বিশ্ববাসীকে চমকে দিয়েছেন।

**উত্তর কোরীয় নেতা কিম জং–উন** একের পর এক পারমাণবিক ক্ষেপণাস্ত্র পরীক্ষা করে উপদ্বীপে উত্তেজনা **তৈরি করেছিলেন** **কিন্তু** গত শুক্রবার তিনিই দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জে–ইনের সঙ্গে বৈঠক করে বিশ্ববাসীকে **চমকে দিয়েছেন**। *(Follow note-9)*

The North Korean leader Kim Jong Un **created/sparked** tension on the peninsula by testing nuclear weapons one after another **but** (he) surprised the people of the world by a meeting with Moon Je Inn, the President of South Korea last Friday. *(Compound)*

**Or,**

The North Korean leader Kim Jong Un *who* ***created/sparked*** *tension on/in the peninsula by testing nuclear weapons one after another* surprised the people of the world by a meeting with Moon Je Inn, the President of South Korea last Friday. *(Complex)*

**31.** গেল শতকের পঞ্চাশের দশকে সংঘটিত যুদ্ধের পর এই প্রথম উত্তর কোরীয় নেতার দক্ষিণ কোরিয়ার মাটিতে পা রাখা, সীমান্তে শান্তির চারা রোপণ ইত্যাদি আনুষ্ঠানিকতা ছাপিয়ে **এই বৈঠককে** শান্তির পথে সাহসী পদক্ষেপ হিসেবে **অভিহিত করা যেতে পারে**। *(Follow note-9)*

This meeting **can be recognized** *as a bold step* towards peace overcoming/ beyond various formalities like planting a peace tree at/on the border, stepping foot on the ground of South Korea of a North Korean leader for the first time after the war held in fifties/1950s of the last century.

**32.** **জাতিসংঘের মহাসচিবসহ বিশ্বনেতারা** দুই কোরিয়ার এই শান্তি উদ্যোগকে **স্বাগত জানিয়েছেন।** আমরাও দুই কোরীয় নেতাকে অভিনন্দন জানাই।

The world leaders including ... have welcomed this peace initiative of two Koreas. We also congratulate the two Korean leaders.

**33.** আমাদের স্মৃতি-বিস্মৃতির অন্তরালে **লুকিয়ে আছে** **বৈচিত্র্যময় সাংস্কৃতিক অঙ্গনের জাগরণ**।

**The rise/awakening of diverse/colourful cultural arena lies** behind our memories.

There **lies/is** the rise/ awakening of diverse/colourful cultural arena/thought behind/in our memories.

**34.** সামাজিক বিধি-নিষেধ আর ঘেরাটোপের রহস্য ছিন্ন করে **প্রতিনিয়তই বেরিয়ে আসে সাংস্কৃতিক জগতের নব নব রূপ।** *(Follow note-5/4)*

Breaking the mystery/shackels of social system and restriction, **the new forms** of cultural world **are** continually **emerging/ coming**.

**35.** ঠিক তেমনি এদেশের সংস্কৃতিও **ধারণ করে চলছে** বিভিন্ন গোষ্ঠী এবং ভাষাভাষী মানুষের বৈচিত্র্যময় রূপ।

Similarly, the culture of this country **has been carrying** the diverse/different forms of various language speking people and community.

**36.** **এই বৈচিত্র্যময় সংস্কৃতিতে নিজ নিজ মনন ও প্রতিভা দিয়ে বিভিন্ন সময়ে গুণীজনরা সমৃদ্ধ করেছেন।**

The scholars/ wise/ intellectual **have enriched** at different time by/with their own talent and thinking in this...

**37.** **যে শিশুরা** নিষ্পাপ, সামাজিক কোনো ক্লেদ যাদের কখনোই স্পর্শ করতে পারে না, নৃশংসতার শিকার হয়ে সেই শিশুদের যদি অকাতরে জীবন দিতে হয়, তার চেয়ে বেদনার আর কী হতে পারে? *(Follow note-1&2)*

Children are innocent; no social chaos/poison can ever touch them. If they **are to sacrifice** their lives after being victims of brutality/atrocities, what could be more pathetic than that?

**38.** একের পর এক শিশুহত্যা ও অপহরণের ঘটনা ঘটছে, অথচ কারও টনক নড়ছে না। সমাজ নির্বিকার। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিষ্ক্রিয়।

**Child killings and abductions** **are happening** one after another, but no one is moving/ nothing touches anyone. Society is indifferent. Law enforcement is inactive.

***39.*** এসব ঘটনা সামাজিক অবক্ষয়ের বিষয়টি যেমন সামনে নিয়ে আসছে, তেমনি রাষ্ট্র ও সরকারের ব্যর্থতাও চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়। *(As= যেমন... তেমনি)*

As **these incidents** **bring to the front** the issue of social degradation, **the failure of the state and the government** also **points the finger** at it.

**40.** অনেক সময় প্রভাবশালীদের চাপ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিষ্ক্রিয়তার কারণে অপরাধীরা পার পেয়ে যায়। *(Follow note-9)*

In many cases, **the criminals** **get away with/ escaped** due to the inactivity of the law enforcement agencies and the pressure of the influential people.

**41.** **এই অবস্থা** চলতে দেওয়া যায় না। শিশুহত্যা ও অপহরণের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে না পারলে পরিস্থিতি ভয়াবহ হতে বাধ্য।

This condition **cannot be allowed to** continue. The situation **is bound to be** horrible/ dire if **proper action** **is not taken** against those **(who are)** **involved** in child murder and abduction.

**42.** সমাজকে রক্ষার স্বার্থে মানবতার শত্রু এই শিশু অপহরণকারী ও হত্যাকারীদের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তুলতে হবে। *(Follow note-8/9)*

In order to protect the society, **all sided resistance** **has to be built** against these child kidnappers/abductors and murderers, the enemies of humanity.

**43.** প্রতিটি শিশুর ঘাতক ও অপহরণকারীকে বিচারের মুখোমুখি করতে হবে। আমাদের এমন অভয় পরিবেশ গড়ে তুলতে হবে, যেখানে প্রতিটি শিশু থাকবে নিরাপদ; প্রতিটি পরিবার হবে শান্তির নীড়।

Every child's killer and kidnaper/ abductor **must be brought** to justice. We **need** to create a safe environment where every child is/will be safe; every family **will be** a nest of peace.

**44. ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর** দখলদার পাকিস্তানি বাহিনীকে পরাজিত করার মধ্য দিয়ে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের স্বপ্ন চূড়ান্তভাবে বাস্তবায়িত হয়।

The dream of an independent and sovereign Bangladesh **was finally materialised** by defeating the occupying Pakistani forces on 16 December 1971.

**45.** পৃথিবীর অনেক দেশ বিনা রক্তপাতে ঔপনিবেশিক পরাধীনতা থেকে মুক্তি পেয়েছে।

Many countries of the world **have been freed** from colonial subjugation without bloodshed.

**46.** কিন্তু আমাদের স্বাধীনতা এক সাগর রক্তের বিনিময়ে পাওয়া।

But our freedom **is gained/achieved** in exchange for a sea of blood.

**47.** তাই প্রতিবছর স্বাধীনতা দিবস ও বিজয় দিবস উদ্যাপনের সময় আমাদের অগণিত শহীদের কথাই স্মরণে আসে সবকিছুর আগে।

Therefore, every year during the celebration of Independence Day and Victory Day, the memory of our countless martyrs **comes to mind** first of all.

**48.** মুক্তিযুদ্ধে আত্মত্যাগের অনুভূতিই আমাদের প্রগাঢ়তম অনুভূতি।

The feeling of self-sacrifice in the war of liberation **is** our deepest feeling.

**49. সিলেটের** লাক্কাতুরা চা-বাগানে নতুন শিক্ষাপ্রতিষ্ঠান সিলেট সরকারি উচ্চবিদ্যালয়ে বাগানের শ্রমিকদের সন্তানদের জন্য বিশেষ কোটার দাবি যৌক্তিক; তা অবশ্যই পূরণ হওয়া উচিত।

The demand for special quotas for the children of garden workers in the new educational institution Sylhet Government High School at Lakkatura Tea Garden in Sylhet **is** reasonable; it must be met/ fulfilled.

**50.** শনিবার প্রথম আলোর খবরে বলা হয়েছে, ন্যাশনাল টি কোম্পানির অধীন লাক্কাতুরা চা-বাগানের দুই একর জমি অধিগ্রহণ করে ২০১৩ সালে সরকারি বিদ্যালয় স্থাপনের কাজ শুরু হয়। এরই মধ্যে বিদ্যালয়ের অবকাঠামোর নির্মাণকাজ শেষ হয়েছে। *(Follow note-9)*

According to the news of Prothom Alo on Saturday, the work of setting up a government school **started** in 2013 by acquiring two acres of land of Lakkatura Tea Garden under National Tea Company. The construction work of the school infrastructure **has already been completed**.